



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি তথ্য সার্ভিস এর আঞ্চলিক কার্যালয়  
রূপসা স্ট্র্যাণ্ড রোড, খামারবাড়ি, খুলনা।  
www.ais.khulna.gov.bd



প্রচার ধরনঃ চাষাবাদ

প্রচার তারিখ : ২৭.২৮.২৯/০৫/২৬

## কৃষি বিজ্ঞপ্তি

কৃষি তথ্য সার্ভিস, খুলনার এক বিজ্ঞপ্তিতে কোরবানীর পশু জবাই, চামড়া ছাড়ানো ও সংরক্ষণ সম্পর্কে কিছু তথ্য জানিয়ে দেয়া হচ্ছে- পশুকে জবাই করার পূর্বে ভালোভাবে গোসল করিয়ে নিতে হবে যাতে পশুর দেহে কোন ময়লা না থাকে। জবাই করার ২ ঘন্টা পূর্বে পশুকে প্রচুর পানি পান করাতে হবে। এতে করে পশুর দেহ থেকে চামড়া ছাড়ানো সহজ হবে। পশুকে জবেহ করার সময় পশুর দেহে যাতে চোট না লাগে সে দিকে বিশেষ খেয়াল রাখতে হবে তা না হলে চামড়ার গুণগতমান কমে যাবে। জবেহ করার জন্য নকদার ছুরি এবং চামড়া ছাড়ানোর জন্য মাথা বাঁকানো ছুরি ব্যবহার করাতে হবে। জবেহ করার পর পশুরদেহ নিস্তেজ হয়ে গেলে পশুকে চিত করে শুইয়ে দুপাশে ঠেস দিতে হবে এতে ছুরির কাটা দাগ লাগার সম্ভাবনা থাকে না। নকদার ছুরির অগ্রভাগ দিয়ে জবেহ করার স্থান থেকে গলা, সিনা ও পেটের মাঝখান দিয়ে অভ্যন্তর পর্যন্ত সোজাসুজি চামড়া ফেড়ে নিতে হবে। একই ভাবে সামনের দুপায়ের হাটু থেকে সিনা পর্যন্ত চামড়া কেটে সিনার উপর দিয়ে কাটা দাগের সংগে মিলিয়ে নিতে হবে। ছোট পশুকে গাছের ডালে বা বুলনে ঝুলিয়ে চামড়া ছাড়াতে হবে। এতে চামড়া নষ্ট হবে না। ছাড়াইকৃত চামড়া যত শীঘ্র বিক্রয় কেন্দ্রে পাঠাবার ব্যবস্থা করতে হবে। ৫-৬ ঘন্টার মধ্যে চামড়া বিক্রি না হলে চামড়া সংরক্ষণের পদ্ধতি অনুযায়ী সংরক্ষণ করতে হবে। সঠিক ভাবে চামড়া ছাড়ানো আমার-আপনার সকলের দায়িত্ব।

কোরবানীর পশুর চামড়া সংরক্ষণের সহজ নিয়মাবলী : চামড়া ভালভাবে পরিষ্কার পানিতে ধুয়ে নিতে হবে। চামড়ায় লেগে থাকা অতিরিক্ত গোস্বত, চর্বি এবং বিল্লি ভালভাবে ছুরি দিয়ে উঠিয়ে ফেলতে হবে তা নাহলে ঐ সমস্ত স্থানে লবন প্রবেশ করবে না। চামড়ার গোস্বতের পিঠ উপরের দিক রেখে মুঠি মুঠি লবন ছড়িয়ে হাত দিয়ে ভালভাবে ঘসে তাতে লবন লাগাতে হবে। প্রথমবার লাগানো লবন চুষে নিলে আরও একবার লবন ছড়িয়ে দিতে হবে। মনে রাখা দরকার গরুর চামড়া প্রতিটির জন্য ৫-৭ কেজি এবং ছাগল/ভেড়ার চামড়া প্রতিটির জন্য দেড় থেকে দুই কেজি লবন দরকার হয়। এ ছাড়া আরো বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ প্রাণি সম্পদ অফিসে যোগাযোগ করতে পারেন।

০৫/০৫/২৬  
(শারমিনা শামিম)

আঞ্চলিক বেতার কৃষি অফিসার  
কৃষি তথ্য সার্ভিস, খুলনা।

প্রচারেঃ কৃষি তথ্য সার্ভিস, খুলনা।